# তারুণ্য বার্তা

ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশ-এর একটি অনলাইন বার্তাপত্র

বর্ষ ১, সংখ্যা ৩৭ ▌ ১৮ জুন ২০২০


## তিস্তা পাড়ে করোনা প্রতিরোধ

রংপুরের গঙ্গাচড়া উপজেলার কোলকোন্দ ইউনিয়নটি তিস্তা নদী দ্বারা দুটি অংশে বিভক্ত। যে পাশে ইউনিয়ন পরিষদ তার বিপরীত দিকের জনগণ বিভিন্ন দিক থেকেই অবহেলিত ও বঞ্চিত। উপজেলার বিভিন্ন এলাকার স্বেচ্ছাব্রতীরা করোভাইরাস থেকে নিজেদের গ্রামকে বাঁচাতে যখন সর্বদা প্রতিরোধ গড়ে তোলার চেষ্টা করে যাচ্ছে, ঠিক তখন তিস্তার চরের গ্রাম পশ্চিম বিনবিনার ইয়ুথ এন্ডিং হাঙ্গারের ইয়ুথ লিডার ও গ্রাম উন্নয়ন দলের (ভিডিটি) সদস্য মোঃ ওসমান গনির নেতৃত্বে চলছে গ্রামকে সুরক্ষায় নানা ধরনের কার্যক্রম। বাংলাদেশের করোনা ভাইরাসের শুরুর মাস মার্চ ২০২০। কিন্তু মার্চ মাসে তিস্তার প্রত্যন্ত চরাঞ্চরের মানুষের মধ্যে করোনা ভাইরাসের বিরুদ্ধে যে তাদেরকেও

লড়তে হবে-এমন উপলব্ধি তাদের ভেতর আসেনি। ওসমান গনি তার পূর্ব-প্রস্তুতি হিসেবে ২৭ মার্চ থেকেই ইউনিয়ন পরিষদের সাথে যোগাযোগের মাধ্যমে এলাকার ৩২৫টি বাড়ি ও বাড়ির আশপাশে জীবাণুনাশক স্প্রে ও ৫০০টি মাস্ক অসচ্ছল পরিবারে মাঝে বিতরণ করেন।

এছাড়াও ওসমান গনি তার এলাকায় কয়েকটি আয়োজনের মাধ্যমে ৩৫৫ জন গ্রামবাসীকে নিয়ম মেনে হাত ধোয়ার কৌশল শেখান, ৭৫টি সচেতনতামূলক প্রচারপত্র এবং ৬৫টি দরিদ্র পরিবারের মাঝে সাবান বিতরণ করেন। একই সাথে ওসমানের নেতৃত্বে ইয়ুথ এন্ডিং হাঙ্গারের সদস্য লুৎফর রহমান, আনিসুর রহমান, ভিডিটি সদস্য আবু তালেব, মমিনুর, ফরহাদ, সাকিরুল এবং গণগবেষণা সমিতির সদস্য আসাদুজ্জামান প্রমূখ মিলে তারা তাদের এলাকার মানবিক সহায়তায় জন্য তালিকা প্রস্তুত করার ক্ষেত্রে গঙ্গাচড়া উপজেলা প্রশাসনকে সহায়তা করেন।

## চারঘাটে শিশুদের স্বাস্থ্যবিধি চর্চা

রাজশাহীর চারঘাট উপজেলার ভায়ালক্ষ্মীপুর ইউনিয়নের পান্নাপাড়া গ্রামে ইয়ুথ এন্ডিং হাঙ্গারের তরুণ নেতা মোঃ দেলোয়ার হোসেন নয়ন, আকাশ ইসলাম ও তানভীর এর উদ্যোগে শিশুদের সঠিক পদ্ধতিতে হাত ধোয়া ও মাস্ক পরিধানের সঠিক নিয়ম শেখানোর কর্যক্রম গ্রহণ করা হয়।

গ্রামের শিশুদের বর্তমান প্রেক্ষাপটে করোনাভাইরাস এর ভয়াবহতা এবং নিজেকে সুরক্ষিত রাখার বিষয়ে সচেতন রাখা অনেকটাই দুরূহ ব্যাপার। খেলাধুলা করতে বাইরে যাওয়া থেকে বিরত রেখে তাদের বাসায় আটকিয়ে রাখা খুবই কষ্টসাধ্য। এদিকে প্রতিটি এলাকায় করোনা আক্রান্ত রোগীর সংখ্যা বেড়েই চলেছে। এই অবস্থা বিবেচনায় এলাকার ইয়ুথ লিডাররা শিশুদের সচেতন করার প্রয়োজনীয়তা উপলব্ধি করেন। তারই প্রেক্ষিতে শিশুদের সঠিক পদ্ধতিতে হাত ধোয়া ও মাস্ক পরিধান এর নিয়ম শিখানোর উদ্যোগ গ্রহণ করা হয়।

উক্ত কর্মসূচিতে অংশগ্রহণ করে গ্রামের ৯ জন শিশু। প্রথমে তাদের মাস্ক পরিধান এবং তিন ফিট দূরত্ব বজায় রাখা নিশ্চিত করে পান্নাপাড়া প্রাথমিক বিদ্যালয়ের বারান্দাতে একত্রিত করা হয়। তাদের হাঁচি বা কাশি হলে করণীয় কী, মাস্ক পরিধানের সঠিক নিয়ম এবং সর্বশেষে সঠিক পদ্ধতিতে হাত ধোয়া ইত্যাদি স্বাস্থ্যবিধি চর্চার বিষয়ে বিভিন্ন ভিডিও ডকুমেন্টারি দেখানো হয় এবং সাবান দিয়ে হাত ধোয়া শেখানো হয়।

উপদেষ্টা: ড. বদিউল আলম মজুমদার, নাছিমা আক্তার জলি
সম্পাদক: শশাঙ্ক বরণ রায়, আমজাদ হোসেন রাজিব
প্রকাশনায়: ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশ
সহযোগিতায়: দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ



yeh.bd@thp.org
yeh.thpbd.org | thpbd.org
facebook.com/YEHBD
হেরাল্ডিক হাইটস, ২/২, মিরপুর রোড, (লেভেল-৪)
ব্লক-এ, মোহাম্মদপুর, ঢাকা -১২০৭।
ফোন: ৯১৩-০৪৭৯, ৯১২-২০৮৬